

# পশ্চিমবঙ্গ সরকার

## বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ সরকারের অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ পরিচালিত কলকাতায় অবস্থিত, কেন্দ্রীয় ছাত্রাবাস / ছাত্রীনিবাসে ভর্তির জন্য কলকাতায় স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে বিভিন্ন পাঠক্রমে পাঠরত তফশিলি জাতি / তফশিলি উপজাতি সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

হস্টেলের নাম	আসন সংখ্যা
রাণী রাসমনি ছাত্রীনিবাস (স্নাতকোত্তর), ছাত্রীদের জন্য	১০০
উদয়ন ছাত্রাবাস (স্নাতকোত্তর), ছাত্রদের জন্য	১৭
সিধু কানু ছাত্রাবাস (স্নাতক পর্যায়), ছাত্রদের জন্য	৪০
বিধাননগর ছাত্রীনিবাস (স্নাতক পর্যায়), ছাত্রীদের জন্য	৩০

আবেদনপত্র এবং বিস্তারিত বিবরণের জন্য ০৫.০৯.২০২২ থেকে ২০.০৯.২০২২-র মধ্যে সংশ্লিষ্ট ছাত্রাবাস / ছাত্রীনিবাসের অধীক্ষকের সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে। এছাড়াও আবেদনপত্র বিভাগীয় ওয়েবসাইট [www.anagrasarkalyan.gov.in](http://www.anagrasarkalyan.gov.in)-এ পাওয়া যাবে। আবেদনপত্র জমা দেবার শেষ তারিখঃ ২০শে সেপ্টেম্বর, ২০২২, ৪টা পর্যন্ত।

স্বাঃ  
অতিরিক্ত সচিব ও অতিরিক্ত অধিকর্তা  
অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন  
পশ্চিমবঙ্গ সরকার